

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪৫.১৭৪.০০২.২৩.০০.০২৩.২০১২-৪০২

তারিখ : ৩১.১০.২০১৬ খ্রিঃ

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন “শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন, গোপালগঞ্জ” প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত ২০১৬-১৭ অর্থ বছরে এডিপি বরাদ্দ অনুযায়ী জিওবি খাত হতে ২য় কিস্তি বাবদ ২১০১.৩৫ লক্ষ (একশ কোটি এক লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা অবমুক্তি সংক্রান্ত।

জনাব,

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ৩১.০৭.২০১৬ তারিখের নং-৪৫.১৭৪.০০২.২৩.০০.০২৩.২০১২-২৭০ সংখ্যক আদেশের অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি আদিষ্ট হয়ে “শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন, গোপালগঞ্জ” (কোড নং- ৫-২৭১১-৫২৫০) এর অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরের এডিপি বরাদ্দ হতে নিম্নরূপে জিওবি খাতে ২য় কিস্তি বাবদ ২১০১.৩৫ লক্ষ (একশ কোটি এক লক্ষ পঁয়ত্রিশ টাকা ছাড়করণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি : মূলধন ও রাজস্বখাতের নির্দিষ্ট ব্যয় খাত অনুসারে এই আদেশ জারি করা হলো :

(অংক সমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদনের পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য অধিদপ্তর	“শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন গোপালগঞ্জ” (কোড নং- ৫-২৭১১-৫২৫০)	অনুমোদিত	২য় কিস্তির জিওবি অর্থ	১.৩৫	২১০০.০০	২১০১.৩৫

শর্তাবলী:

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- এই ব্যয় ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর “শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন গোপালগঞ্জ” (কোড নং- ৫-২৭১১-৫২৫০) হতে বহন করা হবে;
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পন/সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে; এবং
- ছাড়কৃত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে।

২। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০নং স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পন করা হয়েছে সেই অনুযায়ী এই আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

০৩।

(ড. মো: এনামুল হক)

উপ সচিব

ফোনঃ ৯৫৪৯৫৪০


-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-

স্মারক নং-৪৫.১৭৪.০০২.২৩.০০.০২৩.২০১২-৪০২/১(৮)

তারিখ : ৩১.১০.২০১৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামোও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৩. উপ সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রকল্প পরিচালক, "শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন গোপালগঞ্জ" শীর্ষক প্রকল্প, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ।

  
(ড. মো: এনামুল হক)  
উপ সচিব